



বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি



স্মারক নং-বিবিধ/কলেজ/২০২০/৩১৭

তারিখ : ১৩/০৩/২০২২

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সর্বশেষ ৫ম পর্যায়ে online এর মাধ্যমে ভর্তির আবেদন, ফল প্রকাশ, নিশ্চায়ন ও কলেজে ভর্তির সময়সূচি।

শিক্ষার্থী, অভিভাবক ও বিভিন্ন কলেজের অধ্যক্ষগণের আবেদনের প্রেক্ষিতে ২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে online এর মাধ্যমে ভর্তির লক্ষ্যে পুনরায় (সর্বশেষ) ৫ম ধাপে আবেদন গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকসহ সকলকে নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ডসমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট: (<http://www.xiclassadmission.gov.bd>) তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী কলেজে বিদ্যমান আসন সংখ্যা অনুযায়ী সর্বনিম্ন ০৩(তিন) টি ও সর্বোচ্চ ১০(দশ) টি কলেজে আবেদন করতে পারবে।

২০২১-২০২২ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৫ম ধাপে online এর মাধ্যমে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবে:

- ১। যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেনি বা আবেদন করে কলেজ সিলেকশন পায়নি;
- ২। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু কোন কারণে কলেজে ০৭/০৩/২০২২ তারিখের মধ্যে নিশ্চায়ন করতে পারেনি কিংবা ভর্তি হতে পারেনি;
- ৩। উনুক্ত বিশ্ববিদ্যালয়ের ২০২১ সালের এসএসসি সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা;

২০২১-২০২২ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৫ম ধাপে online এর মাধ্যমে ভর্তির জন্য নিম্নোক্ত সময় সূচি অনুসরণ করতে হবে:

ক্রমিক	বিষয়	তারিখ
১	৫ম (সর্বশেষ) পর্যায়ের আবেদন গ্রহণ	১৫/০৩/২০২২ (মঙ্গলবার) থেকে ২২/০৩/২০২২ (মঙ্গলবার রাত ৮ঃ০০ টা পর্যন্ত) (বিঃদ্রঃ শুধুমাত্র ১৭/০৩/২০২২ তারিখ বৃহস্পতিবার বঙ্গবন্ধুর জন্মদিন উপলক্ষে আবেদন বন্ধ থাকবে)
২	৫ম (সর্বশেষ) পর্যায়ের আবেদনের যাচাই বাছাই	২৩/০৩/২০২২ (বুধবার)
৩	৫ম (সর্বশেষ) পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	২৪/০৩/২০২২ (বৃহস্পতিবার রাত ৮ঃ০০ টা)
৪	৫ম (সর্বশেষ) পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন ও কলেজে ভর্তি	২৭/০৩/২০২২ (রবিবার) থেকে ২৮/০৩/২০২২ (সোমবার বিকাল ৫ঃ০০ পর্যন্ত)

বিঃদ্রঃ উল্লেখ্য, “২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২১” অনুসরণপূর্বক অনলাইন ব্যতীত ম্যানুয়ালী কোন ভর্তি করা হবে না। ৫ম(সর্বশেষ) পর্যায়ের পর ২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির লক্ষ্যে আর কোন আবেদন গ্রহণ করা হবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, অভিভাবক ও শিক্ষার্থীদের শেষবারের মত অবহিত করা হলো।

প্রফেসর তপন কুমার সরকার
সভাপতি

আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

ও

চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।